# কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা-৩৫০৬

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১৬)/২২০৯

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৫

## ভর্তি বিজ্ঞপ্তি

### শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন অনুষদ-এ ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা + বিকাশ চার্জ।

**১. আবেদনের তারিখ ও যোগ্যতা:** ২৭ নভেম্বর থেকে ১৭ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত (দিন-রাত যেকোন সময়, এমনকি বন্ধের দিনেও অনলাইনে আবেদন করা যাবে)। **যোগ্যতা:** ২০২৪/২০২৫ সালে অনুষ্ঠিত HSC/আলিম/সমমানের পরীক্ষায় এবং ২০২১/২০২২/২০২৩ সালে অনুষ্ঠিত SSC/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

**২. শর্তাবলী:**

**A- ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ): বিজ্ঞান শাখা হতে SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। A-ইউনিট এর বিষয়সমূহের মধ্যে গণিত, সিএসই, আইসিটি, পদার্থবিজ্ঞান ও পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য HSC/সমমান পর্যায়ে গণিতে জিপিএ ৩.০০ থাকতে হবে এবং গণিত, সিএসই ও আইসিটি বিভাগে ভর্তি হতে হলে ভর্তি পরীক্ষায় অবশ্যই গণিতে উত্তর দিতে হবে। রসায়ন বিভাগে ভর্তিচ্ছুদের HSC/সমমান পরীক্ষায় রসায়নে জিপি ৩.০০ ও গণিতে জিপি ৩.০০ থাকতে হবে। ফার্মেসী বিভাগে ভর্তিচ্ছুদের HSC/সমমান পরীক্ষায় রসায়ন ও জীববিদ্যায় জিপি ৩.০০ ও গণিতে জিপি ২.৫০ থাকতে হবে।**

**B- ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ): B- ইউনিটে আবেদনকারীর SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মানবিক শাখার জন্য সর্বমোট জিপিএ ৬.০০, বিজ্ঞান শাখার জন্য ৬.৫০ এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ৬.০০ থাকতে হবে। B-ইউনিট এর বিষয়সমূহের মধ্যে ইংরেজিতে ভর্তিচ্ছুদের HSC/ সমমান পরীক্ষায় ইংরেজিতে জিপি ৩.৫০ এবং অর্থনীতিতে ভর্তিচ্ছুদের HSC/ সমমান পর্যায়ে অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়ের যে কোন একটি থাকতে হবে। আইন বিভাগে ভর্তিচ্ছুদের ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে।**

**C- ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ): C- ইউনিটে আবেদনকারীর SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ ব্যবসায় শিক্ষা শাখার জন্য সর্বমোট জিপিএ ৬.০০, মানবিক শাখার জন্য জিপিএ ৬.০০ এবং বিজ্ঞান শাখায় জিপিএ ৬.৫০ থাকতে হবে।**

**জি.সি.ই লেভেল: 'ও' লেভেলে ৫টি এবং 'এ' লেভেলে ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত হতে হবে।**

- **সকল ইউনিটের আবেদনকারীকে SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ৩.০০ থাকতে হবে এবং ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইন আবেদনপত্রে অপশন সিলেক্ট করতে হবে।**

**৩. আবেদনের নিয়মাবলী:** কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.cou.ac.bd)** প্রকাশ করা হবে।

**৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি : আগামী ৩০ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ১১.০০ টা থেকে ১২.০০ টা "A' ইউনিট, ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ১১.০০টা থেকে ১২.০০ টা 'B' ইউনিট এবং বিকাল ৩.০০ টা থেকে ৪.০০ টা 'C' ইউনিট এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।** ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, পরীক্ষার মান বণ্টন, অনুষদভিত্তিক বিভাগসমূহ, আসন সংখ্যা ও অন্যান্য শর্তাবলী যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংরক্ষিত ভর্তি নির্দেশিকা হতে জানা যাবে। ইউনিট ভিত্তিক ভর্তি পরীক্ষার স্থান, আসন বিন্যাস ও সংশ্লিষ্ট তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.cou.ac.bd) নোটিশ আকারে প্রকাশ করা হবে।

**৫. ভর্তিচ্ছুদের সুবিধার্থে কুমিল্লার পাশাপাশি এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কেন্দ্র রাখা হয়েছে।**

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট: www.cou.ac.bd**, Help Line: ০১৫৫৭-৩৩০৩৮১/০১৫৫৭-৩৩০৩৮২/০১৭০৯-১৩৩৮৫৬

**বি: দ্র: ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

**(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
সদস্য-সচিব
কেন্দ্রীয় কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫
কুমিল্লা বিশ্ববিদ্যালয়-৩৫০৬